গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০১৮.১৩- ১২৫৭৫ তারিখ: ০৯/০৭/১৪৩০ বঃ; ২৩/১০/২০২৩ খ্রিঃ

"অফিস আদেশ"

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অপারেশন কাজে নিয়োজিত ড্রাইভারগণ গাড়ি চালনায় নিয়ম-নীতি অমান্য, দায়িত্ব পালনে শৈথিল্যতা, অসতর্কতা ও অমনযোগিতার কারণে সম্প্রতিকালে নিম্নোক্ত ফায়ার স্টেশনের গাড়িগুলো দুর্ঘটনা কবলিত হয়েছে। যা কোনভাবে কাম্য যোগ্য নয়।

ক) ১০-০৬-২০২৩ খ্রিঃ তারিখ রামু ফায়ার স্টেশনের পানিবাহী গাড়ি ইস্যুজু (১৮০০ লিঃ)।
খ) ১৫-০৩-২০২৩ খ্রিঃ তারিখ ঈশ্বরদী ফায়ার স্টেশনের হায়েস অ্যাম্বুলেন্স রেজিস্ট্রেশন নং পাবনা ছ-৭১-০০১৬।
গ) ১১-০২-২০২৩ খ্রিঃ তারিখ ভেড়ামারা ফায়ার স্টেশনের মিটসুবিসি ক্যান্টার (২য় কল) গাড়ি (রেজিঃ নং-কুষ্টিয়া-শ-১১-০০০৪)।
ঘ) ২৩-০৮-২০২৩ খ্রিঃ তারিখ তালতলী ফায়ার স্টেশনের ২য় কল ইসুজু (রেজি নং-বরগুনা ঠ-১১-০০১৭)।
ঙ) ০৩-০৯-২০২৩ খ্রিঃ তারিখ কোম্পানিগঞ্জ ফায়ার স্টেশনের ২য় কল ইসুজু ডিম্যাক্স।
চ) ২১-১০-২০২৩ খ্রিঃ তারিখ ফতুল্লা ফায়ার স্টেশনের ২য় কল গাড়ি (রেজি নং- নাঃগঞ্জ মেট্রো-ম-৫১-০০২৭)।

২। উপরোল্লিখিত দুর্ঘটনায় অত্র বিভাগের বেশ কয়েক জন কর্মকর্তা ও কর্মচারী শারীরিকভাবে মারাত্মক আহত হয়েছে। দুর্ঘটনা সংঘটিত হলে শুধু সরকারি অর্থ বিনষ্ট হয় না। অনেক ক্ষেত্রে পঙ্গু হয়ে মানবেতর জীবন যাপনসহ অমূল্য জীবনও ক্ষতিগ্রস্থ হয়। ইতিপূর্বে মৃত্যু বরণের দৃষ্টান্ত রয়েছে। এছাড়া আর্থিক দন্ড হবার ফলে ড্রাইভার এবং তাদের পরিবারবর্গ অভাব অনটনে জীবন যাপন করে।

৩। সম্প্রতিকালে সংঘটিত দুর্ঘটনা সমূহ পর্যালোচনায় দেখা যায় গাড়ি চালনায় ড্রাইভারের দায়িত্বে শৈথিল্যতা, অসতর্কতা, অসাবধানতা এবং অতি দ্রুত গতিতে গাড়ি চালনায় গাড়ি দুর্ঘটনা ঘটেছে। যা একটি সেবাধর্মী প্রতিষ্ঠানের জন্য খুবই অপ্রীতিকর ও অনাকাঙ্খিত। এখন হতে পূর্ববর্তী আদেশ সহ নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পালন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক) দুরবর্তী স্থানে গমনাগমনের পূর্বে করণীয়:

১) ড্রাইভারের শারীরিক/মানসিক সুস্থ্যতা সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার/ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিশ্চিত হওয়া।
২) গাড়ি চেক-আপ এর ক্ষেত্রে ব্রেক প্যাডেল/ব্রেক প্যাডেল প্লে, ক্লাচ প্যাডেল/ক্লাচ প্যাডেল প্লে, হুইল নাট, টায়ার প্রেসার, জ্বালানী, পানি, লুব্রিকেন্ট ও ব্যাটারী এবং গাড়িতে সংযুক্ত টায়ারের কার্যকারিতা পরীক্ষা করতে হবে।
৩) গাড়ি ও সরঞ্জাম চালনা ও টেষ্টিংয়ের সময় ওভার এক্সিল্যারেশন ব্যবহার করা যাবে না।
৪) গাড়ি ও সরঞ্জাম চালনা ও টেষ্টিংয়ে নূন্যতম স্টেশন অফিসার/সাব অফিসার/লিডার এর উপস্থিতিতে টেষ্টিংসহ চেক-আপ সম্পন্ন করতে হবে।
৫) যে কোন ত্রুটি বিচ্যুতি দেখা দিলে তা সঙ্গে সঙ্গে স্টেশনের দায়িত্বরত কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট কারিগরি কারখানা ফোরম্যানকে অবহিত এবং ত্রুটি বিচ্যুতি সম্পর্কে রেজিষ্টার/অকারেন্স বহিতে লিপিবদ্ধ করতঃ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬) গাড়ি/পাম্প ও অন্যান্য সাজ-সরঞ্জামে সঠিক মানের জ্বালানী, লুব্রিকেন্ট, ব্রেক অয়েল গিয়ার অয়েল, ট্রান্সমিশন অয়েল ও গ্রীজ ব্যবহার নিশ্চিত করতে হবে।

খ) গমনাগমনকালে করণীয়:

১) দূরবর্তী স্থানেগমনাগমনের ক্ষেত্রে স্টেশনের সিনিয়র স্টেশন কর্মকর্তা/স্টেশন কর্মকর্তা গাড়ি চালক ও ২য় আসন ধারী ব্যক্তিকে করণীয় সম্পর্কে যথাথভাবে ব্রিফিং প্রদান এবং গাড়ি চালকের শারীরিক ফিটনেস নিশ্চিত করবেন।
২) সাধারণতঃ দুরবর্তী স্থানে গমনাগমনকালে অধিদপ্তরের শেষ আদেশ মোতাবেক নির্ধারিত গতিতে গাড়ি চালনা করতে হবে।
৩) প্রশাসনিক কাজ ও বিশেষ প্রয়োজনে দূরবর্তী স্থানে গাড়ি স্থানান্তরের ক্ষেত্রে রাত্রিকালীন গমনাগমন পরিহার করতে হবে। তা ছাড়া দুরবর্তী স্থানে গমনাগমনের ক্ষেত্রে চালকের প্রয়োজনীয় বিশ্রাম এর ব্যবস্থা এবং গাড়ি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সচলতা সম্পর্কে নিশ্চিত করতে হবে।
৪) ২য় আসনধারী ব্যক্তি সর্বদাই সচেতনতা অবলম্বনপূর্বক চালককে গাড়ি চালনায় সার্বিক সহযোগীতা করতে হবে।
৫) দূরবর্তী স্থানে যাতায়তের সময় রাস্তার দূরত্ব এবং আবহাওয়া বুঝে ১১/২ হতে ২ ঘন্টা পর পর গাড়ি থামিয়ে ড্রাইভারকে ১০ মিনিট বিশ্রাম দিতে হবে।
৬) যাতায়ত কালে ড্রাইভারের পর্যাপ্ত বিশ্রাম সূযাস্তের পূর্বেই যেন গন্তব্য স্থানে পৌছানো নিশ্চিত করতে হবে।
৭) অধিদপ্তর বা দূরবর্তী অন্যান্য বিভাগ/জেলা থেকে গাড়ি স্থানান্তরের ক্ষেত্রে দিনের মাধ্যই গমনাগমন সমাপ্ত করতে হবে।

৪। উপরোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণের জন্য সকলকে নির্দেশ দেওয়া হলো। নির্দেশনাবলি পালনে ব্যর্থতায়, দায়িত্ব অবহেলায় ও অসর্তকতার কারণে দুর্ঘটনা সংঘটিত হলে উহার দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক চালক, ২য় আসনধারী এবং সংশ্লিষ্ট কর্মকর্তা (সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার/ভারপ্রাপ্ত কর্মকর্তা) ও কর্মচারীদের নিকট হতে ক্ষতিপূরণ আদায়সহ বিধি মোতাবেক বিভাগীয় শাস্তির ব্যবস্থা নেয়া হবে।

৫। বর্ণিত নির্দেশনাবলি ফায়ার স্টেশনের সংশ্লিষ্ট কর্মকর্তা, ড্রাইভার, লিডার ও কর্তব্যরতদেরকে পরপর ০৩ (তিন) দিন এবং পরবর্তী সময়ে প্রতি মাসে ০১ (এক) দিন জেনারেল রোল কলে পাঠ করে শুনাতে হবে। জেলা পর্যায়ে কর্মকর্তাগণ পরিদর্শনের সময় বর্ণিত নির্দেশনাবলি পালন হচ্ছে কি না তা নিশ্চিত করবেন।

এ বিষয়ে তাঁর আওতাধীন সকল দপ্তর/ফায়ার স্টেশনে পত্র জারি এবং উক্ত নির্দেশনা বাস্তবায়নে তদারকি করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বর্ণিত বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ বলবৎ থাকবে এবং এ আদেশ স্থায়ী আদেশ হিসেবে গণ্য হবে।

২৬/১০/২২

লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০১৮.১৩- তারিখ: ____________

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। উপ পরিচালক, (প্রশাঃ ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পরিকল্পনা কোষ)/(উন্নয়ন)/(এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫। উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
৬। সহকারী পরিচালক, (প্রশাঃ ও অর্থ)/(অপারেশন)/(ওয়ারহাউজ এন্ড ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও স্টোর)/(পরিকল্পনা কোষ)/ (প্রশিক্ষণ)/ (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ...(সকল)।
৮। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রিয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষ/মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০। সহকারী যোগাযোগ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১। উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ...(সকল)।
১২। মেকানিক্যাল ট্রান্সপোর্ট অফিসার, কেন্দ্রিয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩। অত্র অধিদপ্তরের প্রশাসন/রেশন/বৈদেশিক ক্রয়/পরিকল্পনা/প্রশিক্ষণ/উন্নয়ন/হিসাব/রেকর্ড ও ডাটাবেজ/অ্যাম্বুলেন্স/তদন্ত/কেন্দীয় ক্রয় ও স্টোর/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ছুটি/বাসা বরাদ্দ/পত্র গ্রহণ ও বিতরণ/বেতার/কল্যাণ ট্রাস্ট/প্রশিক্ষণ/ফায়ার সেফটি সেল/আইসিটি সেল/মিডিয়া সেল/লিগ্যাল এন্ড এস্টেট সেল/গার্ড ফাইল।